গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
স্থানীয় সরকার শাখা
www.lalmonirhat.gov.bd

# জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির আগস্ট, ২০২৬ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মুহঃ রাশেদুল হক প্রধান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ০৯ আগস্ট, ২০২৬ |
| সভার সময় | বেলা ১:৩০ টা |
| স্থান | সার্কিট হাউজ সম্মেলন কক্ষ, লালমনিরহাট |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির আগস্ট, ২০২৬ মাসের সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার ও সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। জেলা পর্যায়ে গঠিত ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দের সাথে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | পৌর এলাকায় অবস্থিত স্কুল/কলেজ/মাদ্রাসার আঙিনা নিয়মিত পরিষ্কার রাখার নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট। |
| ২ | ডেঙ্গু প্রতিরোধে পৌর এলাকায় নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনাসহ সচেতনতামূলক বার্তা প্রচার, লিফলেট বিতরণ করতে হবে। | প্রশাসক, লালমনিরহাট/পাটগ্রাম পৌরসভা। |
| ৩ | বাড়ির ছাদ/সিড়ি/ পার্কিং এরিয়া/ বাড়ির চারপাশ পরিষ্কার রাখা এবং বাড়ির ভিতরে যাতে জলাবদ্ধতা তৈরি না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। | প্রশাসক, পৌরসভা (সকল) ও প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), লালমনিরহাট।<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ৪ | মামলার আলামত হিসেবে বিভিন্ন পুলিশ স্টেশন/ থানায় সংরক্ষিত পরিত্যক্ত গাড়িগুলোতে পানি জমে যাতে এডিস মশার লার্ভা জন্মাতে না পারে তা নিশ্চিত করার জন্য সকল থানাকে নির্দেশনা প্রদান করতে হবে। | পুলিশ সুপার, লালমনিরহাট।<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ৫ | ডেঙ্গু প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য মসজিদের ইমাম এবং মন্দির, গির্জা ও প্যাগোডার পুরোহিতগণকে সম্পৃক্ত করার পাশাপাশি স্কাউট, বিএনসিসি, রেড ক্রিসেন্ট ও অন্যান্য এনজিও-কে সম্পৃক্ত করতে হবে। | প্রশাসক, পৌরসভা (সকল), লালমনিরহাট;<br>প্রশাসক, উপজেলা পরিষদ (সকল) লালমনিরহাট; উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট; উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট;<br>সহকারী প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, লালমনিরহাট। |
| ৬ | যে সব অঞ্চলে দীর্ঘদিন যাবত বৃষ্টির পানি ধরে রাখা হয় সে সকল অঞ্চলে পানির পাত্রে যাতে মশা ডিম পাড়তে না পাড়ে সেজন্য পানির পাত্রে ঢাকনা অথবা পুরাতন কাপড় দ্বারা ঢেকে রাখতে হবে। | প্রশাসক, লালমনিরহাট ও পাটগ্রাম পৌরসভা;<br>প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), লালমনিরহাট;<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ৭ | মশা নিধনের জন্য ব্যবহৃত ঔষধ যাতে জীববৈচিত্র্যের ভারসাম্য নষ্ট না করে সেদিকে দৃ্ষ্টি রাখতে হবে। | প্রশাসক, লালমনিরহাট ও পাটগ্রাম পৌরসভা;<br>প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), লালমনিরহাট;<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ৮ | ডেঙ্গু প্রতিরোধে উপজেলা নির্বাহী অফিসারদের সমন্বয়ে আয়োজিত সভায় স্বাস্থ্য বিভাগের প্রতিনিধিগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |

এছাড়াও প্রতি শনিবার জনসাধারণসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছাশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্রে, বাসস্থান ও সংলগ্ন এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেষ্ট ও সতর্ক হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-০৮-২০২৬
মুহঃ রাশেদুল হক প্রধান
জেলা প্রশাসক

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

**নম্বর:** ০৫.৪৭.৫২০০.০০০.০২৬.০৫.০০০৯.২৬.৩৯৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পুলিশ সুপার, লালমনিরহাট।
৬। সিভিল সার্জন, লালমনিরহাট।
৭। প্রশাসক, লালমনিরহাট/ পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট।
৮। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), লালমনিরহাট।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
১০। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট।
১২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট।
১৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট।
১৪। সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, লালমনিরহাট।
১৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবপোর্টাল ে আপলোড করার অনুরোধসহ)।।
১৬। ......................., ........................................সদস্য, জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটি, লালমনিরহাট।

২৭-০৮-২০২৬
মোঃ রাসেল মিয়া
উপপরিচালক (ভারপ্রাপ্ত )